

প্রেম ট্রেম ফুরোলে ১

সমুদ্র বন্দর নয়, নয় কোন দারুচিনি দ্বীপে
দেখা হয়েছিল বটে সোশ্যাল সাইটে

কিছু কথা তুমি আমি লিখেছি দেওয়ালে (যেমন দেওয়াল লিখন প্রেমের দোষ !)

বাকি কথা ইনবক্স টেক্সট, সবার আড়ালে

শত শত বিদ্যুৎ চমক ঝরনার জল শুশ্রূষা আর

ট্রেসিং পেপার, এস-টি-ডি কলরেট

বুঝিনি বছর পেরিয়ে কবে ঠিক ঠিক পৌঁছল মঙ্গল যান

আর যে যেখানে।

তারপর, জানিনা কেমনে

প্যানজিয়া-পাজলে

কি অসহ্য সেই স্ট্যাটাস আপডেট - পছন্দ করার হিড়িক -

তোর লাইফ ইভেন্ট, '১৯শে বৈশাখ হল বিয়ের তারিখ'

অপেক্ষার দিনগুলো রাতগুলো পাতাবরা শীত আষাঢ়ের প্রথম দিবস

ছেড়ে চলে গেল যেমন নিয়ম মত সব ট্রেন প্লেন টোটো ঠেলাগাড়ি

চলে যায়

(ছেড়ে যাওয়াই তো নিয়ম! আশ্চর্য!)

আজ হৃদয় খুঁড়লে কত শতক দশক

দেখি, অশ্রু নয় কান্না নয় জমা আছে চাপ চাপ শোক।

প্রেম ট্রেম ফুরোলে ২

হেমন্ত শেষ হয়ে গেল জনপ্রিয় ধারাবাহিকের মত

কোন শোক নেই, নেই কোন খেদ, তাই হোক তবে

নামুক শিশির

কাটা ধানে

সেই আগেকার মত নুন আর আমলকী খাওয়ার সুখে

ভুলে যাই শরৎ বর্ষা গ্রীষ্ম এই সেই সেদিনের জীবন

বসন্ত যাপন

ভুলে যেতে পারলেই সুখ

সুখ সুখ সুখ সুখ

সুখ সুখ

সুখ

সুখ ঝরে পড়ে থ্রি-জি স্পিডে

দেওয়ালে দেওয়ালে বিনিময় সুখের সেলফিঙ্গশ ন্যাকামো

কত কত অনু পল দণ্ড দিয়ে পাওয়া প্রেম আজ পণ্ডশম

তোমায় অন্য কেউ পেল বলে অন্য কেউ আমায় বাজায় দেখি

ভিনদেশি ঢাকির মতন

ঠাকুর পড়লে জলে পড়ে গেলে

ধার বাকি মেটাবার লোক ধারে কাছে ঘেঁসে নাক, টিকিটি পায়না খুঁজে কেউ

তার মানে উৎসব শেষ

আদিখ্যেতা ফুরোলে

শিশির পড়তে দেখি মন গলে গলে।

প্রেম ট্রেম ফুরোলে ৩

বেদনার চমৎকার সুবাস হয়, ইওং অ্যাডলার ফ্রয়েড বলেন সেকথা

অপূর্ব সুবাস- আমিও মানুষ বলে পারিনি এড়াতে

মন যাহা ভেবে চলে আহা সেইসব মানবিক বিভ্রম, স্বপ্নের দোষ

পতনের ভয়ে জেগে জেগে থাকা, দীর্ঘশ্বাস

সবুজ আলোটি জ্বলে সারারাত আমার নামের পাশে, যদি কথা বলে যদি কথা বলে

কোন নোটিফিকেশন আসে যদি

বিভ্রান্তিকর মোহন বাঁশির ডাক কে ফেরাতে জানে

স্মৃতি মোছা যায় নাকো, এই ছিল কপালে !

ঝাঁপ তাই দিয়ে ফেলি বসন্ত বিলাপে

তার পর এয়ারপোর্টগামি বাস থেকে নেমে দেখি

ফ্রয়েড সাহেব বসে ; ভিড় ঠেলে ঠেলে যাই, মুখোমুখি বসি

আমার মনের কথা শুনে নেয় সে, একগাল হেসে ।

আজকাল এই ভাবে নিজেকে সারাতে হয় প্রেম রোগ হলে

বেদনার ছাই ভস্ম গায়ে মেখে ভোলা,

ভুলতে সাহায্য করে একান্ত গোপনে

(টাকাগুলো গুনে নিতে ভোলে নাক রিসেপসনিস্ত)

এন্টি ডিপ্রেসন পিল কি ভালো যে লাগে সারাদিন--

সুখ নেমে আসে শেষ পর্যন্ত মাথুর পর্যায়ে ।

মিলন বিচ্ছেদ নিয়ে প্রচ্ছদ কাহিনী লেখে মাসিক পত্রিকা, বুকস্টল-এ বোলে ।

‘সম্পর্ক টিকিয়ে রাখতে গাইডেন্স-কাউনসিলিং’ -- সঙ্গে দশটি প্রেমের গল্প,

কয়েকটি জোকস, 2BHK ফ্ল্যাট সাজানোর টিপস,

মিলনের আগে ফোরপ্লে কেন জরুরী, উইক এন্ড ট্যুর এইসবও আছে ।

--- পড়তে ভালোই লাগে প্রেম ট্রেম ফুরোলে